

স্মারক নং ৪৬.১০.০০০০.০৩৫.০০.২০২০.৪৫১

তারিখ-১৩/০৪/২০২০ খ্রিঃ।

অফিস আদেশ

- সূত্রঃ ১। ডিএনসিসি'র স্মারক নং ৪৬.১০.০০০০.০০২.০১.২০২০.৭৮, তারিখ-০৯/০৪/২০২০ খ্রিঃ
২। জেলা প্রশাসক ঢাকা'র পত্র নং ৫১.০১.২৬০০.০১৮.৪২.০৩১.১৯-৩৩৫/১, তারিখ-০৭/০৪/২০২০ খ্রিঃ

সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমন বিস্তৃতি দূর্যোগ মোকাবেলায় উদ্ভূত পরিস্থিতিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বস্তিবাসী ও গরীব নীরিহ ব্যক্তিদের সহায়তা প্রদান কার্যক্রম সম্মানিত ওয়ার্ড কাউন্সিলর ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরদের মাধ্যমে অব্যাহত আছে। উক্ত বস্তিবাসী, গরীব নীরিহ ব্যক্তি, ছিন্নমূল, দিনমজুর, কর্মহীন, শ্রমজীবী, রাস্তায় ভাসমান মানুষ, প্রতিবন্ধী, বয়স্ক ব্যক্তি, ভিক্ষুক, ভবঘুরে, রিক্সাচালক, ভ্যানগাড়িচালক, পরিবহন শ্রমিক, রেস্তুরেন্ট শ্রমিক, ফেরিওয়ালা, চায়ের দোকানদার ও অতিদরিদ্র পরিবারের মাঝে মানবিক সহায়তা হিসাবে জেলা প্রশাসন, ঢাকা হতে প্রাপ্ত ১০০ মে.টন চাল বিতরণের সময় প্রতি প্যাকেটে ৫ কেজি চালের সাথে অতিরিক্ত দ্রব্য সামগ্রী (আলু-৩কেজি, পিঁয়াজ-১কেজি, ডাল-১কেজি, লবণ-১কেজি ও তৈল-১/২লিটার) প্রদানের ক্রয়বাবদ=(৯০,০০০/-X ৫৪টি ওয়ার্ড)=৪৮,৬০,০০০/- (আটচল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের অনুকূলে “প্রাকৃতিক দূর্যোগ(ডিএনসিসি ও সরকারী অনুদান)” খাত হতে নিম্নরূপ ভাবে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রম	অঞ্চল	ওয়ার্ড	টাকার পরিমাণ
০১	অঞ্চল-০১	সাধারণ ওয়ার্ড-০১, ১৭=২ টি,	৯০,০০০.০০ X ২ ওয়ার্ড=১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা
০২	অঞ্চল-০২	সাধারণ ওয়ার্ড-০২, ০৩, ০৪, ০৫, ০৬, ০৭, ০৮, ১৫=০৮ টি	৯০,০০০.০০ X ৮ ওয়ার্ড=৭,২০,০০০/- (সাত লক্ষ বিশ হাজার) টাকা
০৩	অঞ্চল-০৩	সাধারণ ওয়ার্ড-১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ৩৫, ৩৬=১০ টি	৯০,০০০.০০ X ১০ ওয়ার্ড=৯,০০,০০০/- (নয় লক্ষ) টাকা
০৪	অঞ্চল-০৪	সাধারণ ওয়ার্ড-০৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৬=০৭ টি	৯০,০০০.০০ X ৭ ওয়ার্ড=৬,৩০,০০০/- (ছয় লক্ষ ত্রিশ হাজার) টাকা
০৫	অঞ্চল-০৫	সাধারণ ওয়ার্ড-২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪=০৯ টি	৯০,০০০.০০ X ৯ ওয়ার্ড=৮,১০,০০০/- (আট লক্ষ দশ হাজার) টাকা
০৬	অঞ্চল-০৬	সাধারণ ওয়ার্ড-৫১, ৫২, ৫৩, ৫৪=০৪ টি	৯০,০০০.০০ X ৪ ওয়ার্ড=৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা
০৭	অঞ্চল-০৭	সাধারণ ওয়ার্ড-৪৭, ৪৮, ৪৯, ৫০=০৪ টি	৯০,০০০.০০ X ৪ ওয়ার্ড=৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা
০৮	অঞ্চল-০৮	সাধারণ ওয়ার্ড-৪৪, ৪৫, ৪৬=০৩ টি	৯০,০০০.০০ X ৩ ওয়ার্ড=২,৭০,০০০/- (দুই লক্ষ সত্তর হাজার) টাকা
০৯	অঞ্চল-০৯	সাধারণ ওয়ার্ড-৩৯, ৪০, ৪৩=০৩ টি	৯০,০০০.০০ X ৩ ওয়ার্ড=২,৭০,০০০/- (দুই লক্ষ সত্তর হাজার) টাকা
১০	অঞ্চল-১০	সাধারণ ওয়ার্ড-৩৭, ৩৮, ৪১, ৪২=০৪ টি	৯০,০০০.০০ X ৪ ওয়ার্ড=৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা

- (ক) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা উল্লেখিত বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের নামে অগ্রিম বরাদ্দ প্রদানের ব্যবস্থা করবেন।
- (খ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ উপ-বরাদ্দকৃত চাল স্থানীয় খাদ্য গুদাম, তেজগাঁও হতে উত্তোলন করে সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলর ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরগণের সমন্বয়ে প্যাকেটজাত করে বিতরণের ব্যবস্থা করবেন।

- (গ) দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গত ০২/০৪/২০২০খ্রিঃ তারিখের স্মারক নং ৫১.০০.০০০০.৪২১.১৪.০০৯.১৮.১৬৩, ০৩/০৪/২০২০খ্রিঃ তারিখের স্মারক নং ৫১.০০.০০০০.২১১.১৮.০২০.২০.২৬১, ১১/০৪/২০২০খ্রিঃ তারিখের স্মারক নং ৫১.০০.০০০০.৩২১.৩৮.০১১.১৯.৯৫ ও মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক সকল বিধি বিধান পালন করতে এবং নিরিক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব ও মাস্টাররোল তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।
- (ঘ) নিরিক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব ও মাস্টাররোল তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।
- (ঙ) বরাদ্দকৃত অর্থ বর্ণিত ক্রয় ব্যতীত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না।
- (চ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও বাংলাদেশ সরকারের পক্ষে বিতরণ করা হচ্ছে মর্মে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় অবহিত করতে হবে এবং প্রতিটি প্যাকেটের গায়ে স্মারক নং ৫১.০০.০০০০.৩২১.৩৮.০১১.১৯.৯৫, তারিখ- ১১/০৪/২০২০খ্রিঃ মোতাবেক উল্লেখিত নির্দেশনা সমূহ লিপিবদ্ধ করতে হবে।
- (ছ) অফিস আদেশ সিটি কর্পোরেশনের তথ্য বাতায়নে UPLOAD করতে হবে।
- (জ) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ বিতরণকৃত দ্রব্যাদি মাস্টাররোলের মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে সমন্বয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। মাস্টাররোলে অবশ্যই সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এবং কমিটির অন্যান্য সদস্যদের স্বাক্ষর থাকতে হবে।
- (ঝ) প্রতিটি প্যাকেটে ১(এক)টি করে হাত ধোয়ার সাবান দিতে হবে; যা ডিএনসিসি'র ভান্ডার ও ক্রয় বিভাগ হতে সংগ্রহ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(ডঃ তারিক বিন ইউসুফ)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

পরিবেশ, জলবায়ু ও দূর্যোগ ব্যবস্থাপনা সার্কেল
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সম্মানিত কাউন্সিলর (সকল), সাধারণ ওয়ার্ড, সংরক্ষিত ওয়ার্ড, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
৩. সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা- অঞ্চল- - ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০
৬. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. ফাইল কপি।